# B.A. Semester-V Examination, 2022-23

## বাংলা [ প্রোগ্রাম ]

**Course ID : 50118 Course Code : AP/BNG/501/DSE-1A**

**Course Title : কথাসাহিত্য**

**অথবা**

**নাট্যসাহিত্য**

**অথবা**

**মধ্যযুগের বাংলা সাহিত্য**

**অথবা**

**রবীন্দ্রসাহিত্য**

সময় : ২ ঘন্টা পূর্ণমান : ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

### (কথাসাহিত্য)

১। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) নগেন্দ্রর সহোদরা ভগিনীর নাম কী? তাঁর বয়স কত?

খ) ''একশ'বার আকাশপানে চাহিয়া কি দেখিতেছ?'' — একথা কে, কাকে বলেছে? উত্তরে সে কী জানিয়েছে?

গ) 'ঘরে বাইরে' উপন্যাসে আত্মকথার সংখ্যা কত? তার মধ্যে কার কয়টি আত্মকথা আছে?

ঘ) ''সন্দীপকে কি এখানে আর দরকার আছে?'' — কে, কাকে এই কথা জিজ্ঞাসা করেছে?

*(পরের পাতায়)*

ঙ) অন্নদাদিদির স্বামীর নাম কী? তাঁর জীবিকা কী ছিল?

চ) ''তুই পালা না গাধা কোথাকার'' — কথাটি কে, কাকে, কখন বলেছে?

ছ) কুবেরের কয়টি ছেলে-মেয়ে? তাদের নাম কী কী?

জ) কপিলার স্বামী কে? কুবেরের শ্বশুরবাড়ি কোথায়?

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) ''নগেন্দ্রনাথ, কুন্দের সকল কথা সূর্যমুখীকে লিখিলেন।'' — নগেন্দ্রনাথ কুন্দনন্দিনীর কোন্ কথা সূর্যমুখীকে লিখেছিলেন এবং সূর্যমুখী তার উত্তরে কী জানিয়েছিলেন?

খ) ''ঘরে-বাইরে'' উপন্যাসে মেজ-জা চরিত্রটির গুরুত্ব কোথায়?

গ) 'শ্রীকান্ত' উপন্যাসের অন্নদাদিদি চরিত্রটি কতখানি বাস্তবসম্মত ও আকর্ষণীয় হয়ে উঠতে পেরেছে, তা সংক্ষেপে আলোচনা করো।

ঘ) আশ্বিনের ঝড়ে জেলেপাড়ার জীবন যেভাবে বিপর্যস্ত হয়ে পড়েছিল তার সংক্ষিপ্ত বিবরণ দাও।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'বিষবৃক্ষ' উপন্যাসে ত্রিকোণ প্রেমের বিষয়টি উপন্যাস জুড়ে আবর্তিত হয়েছে— আলোচনা করো।

খ) রবীন্দ্রনাথের স্বাদেশিকতা ও রাজনৈতিক মতাদর্শের প্রতিরূপ নিখিলেশ — মন্তব্যটির যথার্থতা বিচার করো।

গ) 'শ্রীকান্ত' উপন্যাসটি ভ্রমণ কাহিনি না উপন্যাস — যুক্তিসহ আলোচনা করো।

ঘ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে লোকায়ত জীবনের যে ছবি ফুটে উঠেছে তা নিজের ভাষায় লেখো।

## (নাট্যসাহিত্য)

১। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) 'শর্মিষ্ঠা নাটকটি কে কত সালে ইংরেজিতে অনুবাদ করেন?

খ) 'শর্মিষ্ঠা' নাটকের আখ্যানবস্তু কোথা থেকে সংগ্রহ করেছেন লেখক? এই নাটকটি কোন্ নাট্যমঞ্চে মঞ্চায়িত হয়?

গ) 'মুক্তধারা'র ইংরেজি অনুবাদের নাম কী? কে অনুবাদ করেন?

ঘ) 'মুক্তধারা'য় যন্ত্রবন্দনা করা হয়েছে যে গানটিতে, তার প্রথম দুটি পংক্তি উল্লেখ করো।

ঙ) ''একটা কামানের চেয়েও একটা রাজপুত ভয়ঙ্কর'' — কে একথা বলেছেন? এখানে রাজপুত অর্থে নাট্যকার কী বুঝিয়েছেন?

চ) 'এ শাস্তি তাদের একার নয়। এ শাস্তি আমারও।' — কে একথা বলেছে? একথার তাৎপর্য কী?

ছ) 'টিনের তলোয়ার' নাটকে কটি গান আছে? কোন্ গানটি দিয়ে নাটক শেষ হয়েছে তা উল্লেখ করো।

জ) ''মেয়েটাকে বেচে দিলেন বাবু?'' — কে একথা বলেছেন? কোন্ মেয়েটাকে বেচে দেওয়ার কথা বলা হয়েছে?

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) ''পীতঃ! আমার দুঃখের কথা আর কি বলিব? আপনি যাকে পুরুষোত্তম বিবেচনা করে আমাকে প্রদান করেছিলেন, সে ব্যক্তি চণ্ডাল অপেক্ষাও অধম।'' — আলোচ্য উক্তির আলোকে বক্তার চরিত্র বিশ্লেষণ করো।



খ) ''একদিকে একটা অভ্রভেদী লৌহ যন্ত্রের মাথা অন্যদিকে ভৈরব মন্দির চূড়ার ত্রিশূল'' — 'মুক্তধারা' নাটকে এই প্রতীক দুটির তাৎপর্য লেখো।

গ) 'সাজাহান' নাটকে দিলদার চরিত্রটি বিশ্লেষণ করো।

ঘ) 'টিনের তলোয়ার' নাটকে কে কেন নিজেকে বাংলার 'গ্যারিক' বলে দাবি করেছে?

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'শর্মিষ্ঠা' নাটকে জয়দেবের গীতগোবিন্দের প্রভাব আলোচনা করো।

খ) সমকালীন সাম্রাজ্যবাদী দেশগুলির আগ্রাসনের চেহারা 'মুক্তধারা'র মধ্যে কীভাবে ফুটে উঠেছে তা বিশ্লেষণ করো।

গ) 'সাজাহান' নাটকে ট্র্যাজেডি সৃষ্টিতে নাট্যকার দ্বিজেন্দ্রলাল রায় কতখানি কৃতিত্বের পরিচয় দিয়েছেন, তা আলোচনা করো।

ঘ) 'টিনের তলোয়ার' নাটকে বৈপ্লবিক চেতনা কীভাবে ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো।

## (মধ্যযুগের বাংলা সাহিত্য)

১। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) ‘চৈতন্যচরিতামৃত’ গ্রন্থের আদি লীলায় কতগুলি পরিচ্ছদ আছে? প্রথম পরিচ্ছদ এর বিষয়বস্তু কী?

খ) ‘লোভ হয় আস্বাদিতে নারি,’ । — আস্বাদন করতে না পারার কারণ কী?

গ) ‘কি মোহিনী জানো বঁধু কি মোহিনী জান’ — উক্তিটি কার? পদটি কোন পর্যায়ের ?

ঘ) ‘তাতল সৈকত বারিবিন্দু সম’ — উদ্ধৃতাংশে আলঙ্কারিক প্রয়োগের তাৎপর্য কী?

ঙ) বিজয় গুপ্তের মনসামঙ্গল কাব্যের প্রকৃত নাম কী? তিনি কাব্যে গৌড়ের কোন্ শাসকের নাম বলেছেন?

চ) বিজয়গুপ্তের কাব্যরচনার কালজ্ঞাপক শ্লোকটি লেখো।

ছ) কবি কঙ্কন মুকুন্দ চক্রবর্তীর চন্ডীমঙ্গল কাব্যের প্রকৃত নাম কী? কাব্যটির কয়টি ও কী কী কাহিনি আছে?

জ) ‘কমলে কামিনী’ দৃশ্যটির সংক্ষিপ্ত বর্ণনা দাও।

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) কৃষ্ণদাস কবিরাজের ‘চৈতন্যচরিতামৃত’ গ্রন্থের প্রধান প্রধান বিশেষত্বগুলি সংক্ষেপে আলোচনা করো।

খ) চণ্ডীদাস রচিত তোমাদের পাঠ্য ‘ঘরের বাহিরে দণ্ডে শতবার’ পদটির ভাবসৌন্দর্য ব্যাখ্যা করো।



গ) হাসন-হুসন দুই ভাই কিভাবে মনসা পুজোয় রাজি হয়, তা ‘হাসন-হুসন যুদ্ধপালা’ অবলম্বনে সংক্ষেপে বর্ণনা করো।

ঘ) মুকুন্দের চণ্ডীমঙ্গল কাব্যের দুর্বলা চরিত্রটি বিশ্লেষণ করো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) ‘চৈতন্যচরিতামৃত’ গ্রন্থ অবলম্বনে চৈতন্য অবতার তত্ত্ব আলোচনা করো।

খ) তোমাদের পাঠ্য বিদ্যাপতির পদগুলি অবলম্বন করে তাঁর কবি-কৃতিত্বের পরিচয় দাও।

গ) বিজয়গুপ্তের মনসামঙ্গল কাব্যের চাঁদ সদাগর চরিত্রটি বিশ্লেষণ করো।

ঘ) মুকুন্দের চণ্ডীমঙ্গল কাব্যে তৎকালীন বাঙালি সমাজের যে চিত্র ফুটে উঠেছে তা আলোচনা করো।

## (রবীন্দ্রসাহিত্য)

১। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) ‘সোনারতী’ কাব্যগ্রন্থের কবিতাগুলি কবি মূলত কোথায় বসে রচনা করেছেন?

খ) ‘আমাদের ফিরায়ে লহো, অয়ি বসুন্ধরে,’— কবি কোথা থেকে কোথায় ফেরার কথা বলেছেন?

গ) শচীশের জ্যাঠার নাম কী? তিনি কিরূপ চরিত্রের মানুষ ছিলেন?

ঘ) ‘‘তুমি আমার গুরু’ আমাকে সকল অপরাধ হইতে বাঁচাও...’’ —বক্তা ও বক্তার গুরুর পরিচয় দাও।

ঙ) ‘চার অধ্যায়’ উপন্যাসের প্রকাশকাল উল্লেখ করে এটি কোন্ ধরনের উপন্যাস তা লেখো।

চ) ‘চার অধ্যায়’ উপন্যাসে ইন্দ্রনাথ কোন্ কোন্ ভাষা শেখাবার জন্য প্রাইভেট ক্লাস খুলেছিল?

ছ) ‘আত্মপরিচয়’ গ্রন্থে কটি প্রবন্ধ আছে? তোমাদের পাঠ্য প্রবন্ধগুলির নাম লেখো।

জ) ‘আত্মপরিচয়’ কী জাতীয় গ্রন্থ? গ্রন্থটির প্রকাশকাল লেখো।

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) ‘‘ঠাঁই নাই, ঠাঁই নাই - ছোটো সে তরী’

আমারি সোনার ধানে গিয়েছে ভরি’’ — উদ্ধৃতাংশটির তাৎপর্য ব্যাখ্যা করো।

খ) ‘চতুরঙ্গ’ উপন্যাসে লীলানন্দ স্বামী চরিত্রটি বিশ্লেষণ করো।



গ) ‘চারঅধ্যায়’ উপন্যাসে অতীন্দ্র-এলার প্রেমের সম্পর্কটি যেভাবে প্রকাশিত হয়েছে তা সংক্ষেপে আলোচনা করো।

ঘ) ‘আত্মপরিচয়’ গ্রন্থের দ্বিতীয় প্রবন্ধে কবির জীবন দর্শন কীভাবে ফুটে উঠেছে তা বুঝিয়ে দাও।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) ‘মানসসুন্দরী’ কবিতায় কবির প্রেম ভাবনার পরিচয় দাও।

খ) ‘চতুরঙ্গ’ উপন্যাসের অন্তর্গত ‘শ্রীবিলাস’ চরিত্রটি আলোচনা করো।

গ) ‘চার অধ্যায়’ উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।

ঘ) ‘আত্মপরিচয়’ গ্রন্থের প্রথম প্রবন্ধে উদ্ধৃত পত্রগুলির তাৎপর্য বিশ্লেষণ করো।

———————